

নিবেদন

জগদ্বিখ্যাত পন্ডিত, বিপ্লবী, দেশপ্রেমিক, অনন্য পরিব্রাজক, মালদহের ভূমিপুত্র আচার্য বিনয়কুমার সরকারের জন্মশতবর্ষে 'শতবর্ষ উদযাপন কমিটি' গঠন করা হয় মালদায়। মালদার শ্রেষ্ঠ সন্তানের প্রভাতফেরী আলোচনা চক্র, সভা-সমিতি, আবক্ষমূর্তি প্রতিষ্ঠা ইত্যাদি কর্মসূচী আমার দৃষ্টি আকর্ষণ করে। মালদার টাউন হলে ডঃ প্রদ্যোত ঘোষ, প্রফেসর অল্লান দত্ত, ডঃ স্বপন ভট্টাচার্য, শিবেন্দুশেখর রায়, আচার্যকন্যা সুইজারল্যান্ড প্রবাসী ডঃ ইন্দিরা পালিত প্রমুখের ভাষণে বিনয় সরকারের পালিত্য ও মনীষার পরিচয় পাওয়া যায়। ঊনবিংশ শতাব্দীর শ্রেষ্ঠ মনীষী অধ্যাপক বিনয় সরকারকে বিস্মরণ হতভাগ্য আব্ববিস্মৃত বাঙালীর দুরপনয়ে কলঙ্ক।

সংস্কারমুক্ত খোলা দৃষ্টি, অকপট সত্যনিষ্ঠা, ঔদার্য ইত্যাদি সব গুণগুলিই অধ্যাপক সরকারের চরিত্রে সুস্পষ্ট। মালদার দামাল ছেলে, কটুর বাঙালী, বিশ্ব-পথিক বিনয় সরকারকে কোন নির্দিষ্ট ফর্মুলার মাপে ব্যাখ্যা করা যায় না। উদার হৃদয়, উন্মুক্ত বিবেক নিয়ে তিনি চলিষু ছিলেন। সারা পৃথিবীতে এত বড় মাপের ব্যক্তিত্ব প্রকৃত-অর্থে বিরল।

প্রত্যেক লেখক বা বক্তার কিছু নিজস্বতা থাকে। এই নিজস্ব ভঙ্গীর নামই হচ্ছে—style। বাচন ও লেখনভঙ্গীতে এই শব্দটির প্রসিদ্ধি। বিদ্যার মূর্তবিগ্রহ, অসামান্য ব্যক্তিত্ব বিনয় সরকারের নিজস্ব একটা ধারালো বাগভঙ্গী ছিল। ৪২ বছর ধরে অন্যান্য ভাষার সঙ্গে বাংলা ভাষায় অসংখ্য গ্রন্থ তিনি রচনা করেছেন। এই সব গ্রন্থে তাঁর যে নিজস্ব গদ্যশৈলী গঠিত হয়েছিল—তাই আমার গবেষণার বিষয় বস্তু।

এই কাজে প্রধান প্রেরণাদাতা আমার গবেষণা-নির্দেশক (Guide) ডঃ প্রদ্যোত ঘোষ। তাঁর কাছে যখন যেভাবে চেয়েছি, অকুষ্ঠ চিন্তে উদার হৃদয় নিয়ে তিনি সাহায্য করেছেন।

বিনয় সরকারের স্নেহধন্য, অধ্যাপক হরিদাস মুখোপাধ্যায়ের নাম এক্ষেত্রে বিশেষ উল্লেখযোগ্য। বয়োবৃদ্ধতার কারণে রুগ্ন শরীরেও তাঁর এই বিষয়ে উৎসাহ-দানের কোন ঘাটতি ছিল না। তাঁর অমূল্য আলোচনা অনেকেংশে সমৃদ্ধ করেছে আমার এই গবেষণা-কার্য। বিশেষ শ্রদ্ধা জানাই কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ স্বপন ভট্টাচার্যকে বহু তথ্যভিত্তিক উপদেশের জন্য।

যে সমস্ত গ্রন্থাগার থেকে সাহায্য পেয়েছি তাদের মধ্যে বঙ্গীয় সাহিত্য পরিষদ, এশিয়াটিক সোসাইটি, জাতীয় গ্রন্থাগার (কলিকাতা), চৈতন্য গ্রন্থাগার, কালীঘাট তরুণ সংঘ গ্রন্থাগার, বাগবাজার রীডিং লাইব্রেরী, তালতলা পাবলিক লাইব্রেরী, কলিকাতা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, মালদহ জেলা গ্রন্থাগার ইত্যাদি উল্লেখযোগ্য।

বহু দুঃপ্রাণ্য, অধুনা লুপ্তপ্রায় পুস্তকরাজি সংগ্রহ করতে সাহায্য করেছেন বঙ্গীয় সাহিত্য পরিষদের লাইব্রেরীয়ান ডঃ অরুণা চ্যাটার্জী। তাঁর প্রতি আমি কৃতজ্ঞ।

অকৃত্রিম কৃতজ্ঞতা জানাই সেই কারিগরদের প্রতি যাদের অক্লান্ত পরিশ্রমে সুদৃশ্য রূপ এবং আকার পেয়েছে আমার এই গবেষণা-কার্য। তাঁরা হলেন Professional Computers : Calcutta -700 006.

আমার সবিশেষ আন্তরিক কৃতজ্ঞতা সেই পরম পিতা পরমেশ্বরের প্রতি—যাঁর নাম স্মরণে সর্বদাই অনুপ্রেরণা লাভ করেছি এই দুরূহ কার্য সম্পাদন করার।

দু'চারটি মুদ্রন ক্রটি রয়ে গেল। এ ব্যাপারে ক্ষমাপ্রার্থী।

পরিশেষে বিদগ্ধ পরিষ্ককদের এই গবেষণা মনোজ্ঞ হলে, আমার দীর্ঘ নিরলস পরিশ্রম সার্থক হবে।

বিনীতা—

পরমা আঢ়



আচার্য বিনয়কুমার সরকার

জন্ম : মালদহ
২৬শে ডিসেম্বর, ১৮৮৭

প্রয়াণ : ওয়াশিংটন ডি. সি.
২৪ শে নভেম্বর, ১৯৪৯